গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৮-৬৩৩

তারিখঃ ০৪/০৭/২০১৮খ্রিঃ
সময়ঃ দুপুর ২.৩০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

পাহাড়ধস:

বান্দরবান: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা বান্দরবান জানান যে, টানা বর্ষনের ফলে গত ০৩.০৭.২০১৮খ্রিঃ তারিখ দুপুর ১২.০০টায় বান্দরবান সদর উপজেলার কালাঘাটা ৩ নং ওয়ার্ড শিশু সদন এলাকায় পাহাড় ধসে একজন লোক মারা যায় । বিস্তারিত পরিচয় ও ঠিকানা নিম্নরুপ: প্রতিমা রানী দাস (৫০), স্বামী: মিলনদাস, গ্রাম: কালাঘাটা, শিশু সদন এলাকা, ইউনিয়ন: বান্দর বান সদর, উপজেলা: বান্দরবান সদর, জেলা: বান্দরবান এবং দুপুর ১.০০টার সময় লামা উপজেলায় ৫নং সরই ইউনিয়নে কালাইয়া পাড়ায় পাহাড় ধসে একই পরিবারের ৩ জন নিহত হয়। নিহত ব্যক্তিদের নাম নিম্নরুপ: ১। হানিফ মিয়া (৩০), পিতা: মঙ্গন উদ্দিন, ২। রিজিয়া বেগম(২২), স্বামী : হানিফ মিয়া, ৩। হালিমা (২) পিতা: হানিফ মিয়া, গ্রাম: কালাইয়া পাড়া ইউনিয়ন: ৫নং সরই ইউনিয়ন উপজেলা: লামা, জেলা: বান্দরবান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবার কে ২৫,০০০ টাকা করে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

**** চলতি বছরে পাহাড় ধস/পাহাড়ী ঢলে বিভিন্ন জেলায় মোট মৃতের সংখ্যা- ৩১ জন।**

সমূদ্রবন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমূদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৪ জুলাই/২০১৮ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, ফরিদপুর, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো/দমকা হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): দেশের উত্তরাঞ্চলে বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

ভারী বর্ষণের সতর্কবাণী
সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (০৩ জুলাই, ২০১৮) সন্ধ্যা ৬:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে রংপুর, সিলেট, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও দমকা হাওয়া সহ ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী (>৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে। অতি ভারী বর্ষণের কারণে সিলেট ও চট্টগ্রাম বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩০.৫	২৮.৫	৩০.২	৩০.০	৩১.৭	৩১.৫	৩১.৫	২৯.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৬.৩	২৪.২	২৫.৬	২৫.৩	২৫.০	২৫.০	২৫.৪

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা রাজশাহী ৩১.৭° এবং সর্বনিম্ন রাংগামাটি ২৪.২° সেঃ।

এক নজরে নদনদীর পরিস্থিতি-

- দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাহাড়ী অববাহিকাসহ সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৭২ ঘণ্টা অব্যহত থাকতে পারে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৪৮ ঘণ্টা অব্যহত থাকতে পারে।

৪/৭/১৮

- বাংলাদেশ ও ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চলসহ তৎসংলগ্ন ভারতীয় অংশে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- আগামী ২৪ হতে ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা, দুধকুমার, ঘাঘট নদীসমূহের এবং উত্তর-পূর্বাঞ্চলের সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাহাড়ী অববাহিকার নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০১
বৃদ্ধি	৭৭	তথ্য পাওয়া যায় নাই	০
হ্রাস	১৬	**বিপদসীমার উপরে**	**০৯**

অদ্য নিম্নবর্ণিত ৯ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপরে (সে.মি.)
সিলেট	কানাইঘাট	সুরমা	+৪৬	+১০২
সিলেট	সিলেট	সুরমা	+৪২	+৩৩
সুনামগঞ্জ	সুনামগঞ্জ	সুরমা	+২২	+৭০
সিলেট	শেরপুর-সিলেট	কুশিয়ারা	-১	+১
সিলেট	সারিঘাট	সারিগোয়াইন	+১১	+১
সুনামগঞ্জ	দিরাই	পুরাতন সুরমা	+২	+৪৫
নেত্রকোনা	লরেরগড়	জদুকাটা	+২২	০
নেত্রকোনা	কলমাকান্দা	সোমেশ্বরী	+২১	+১৪
চট্টগ্রাম	দোহাজারী	সাঙ্গু	+৩১০	+৪০

গত ২৪ ঘন্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত) **:**

স্টেশন	**বারিপাত (মি.মি.)**	**স্টেশন**	**বারিপাত (মি.মি.)**
জাফলং	১৮৮.০	বান্দরবন	১৭৬.০
লরেরগড়	১৭৫.০	চট্টগ্রাম	১৫৯.০
কানাইঘাট	১২৪.০	পাঁচপুকুরিয়া	১২০.০
দুর্গাপুর	১১০.০	লামা	১১৫.০
সুনামগঞ্জ	১০৫.০	কক্সবাজার	১০৩.০

অগ্নিকান্ড: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কন্ট্রোল রুমে কর্মরত কর্মকর্তা জানান যে, অদ্য কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নি

(জি, এম, আব্দুল কাদের)
যুগ্মসচিব (এনডিআরসিসি)
ফোন:৯৫৪৫১১৫